# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**নির্বাহী প্রকৌশলীর দপ্তর**
ভেড়ামারা ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।
ফোন/ফ্যাক্সঃ ০৭০২২-৭১৩৭২
মেইল ee.bheramaradredgerdivision@gmail.com

Office of the Executive Engineer
Bheramara Dredger Operation Division
BWDB, Bheramara, Kushtia
Tle/Fax- 07022-71372
E-mail ee.bheramaradredgerdivision@gmail.com

স্মারক নং-৫১/ভেড্রেঅবি/ই-০১ তারিখঃ ১৭-০৮-২০২৫ খ্রিঃ

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভেড়ামারা ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরিণ কার্য ও ২৫(পচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারীদের তালিকাভূক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখ-২০-০৭-২০২০খ্রি. মোতাবেক নির্ধারিত আবেদন উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার ও প্রয়োজনীয় কাগজসহ আগামী ২৫/০৯/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্ন ছকে বর্ণিত কাগজপত্রাদি সহ অত্র দপ্তরে প্রাক্কলন শাখায় জমা করার জন্য বলা হলো। ঠিকাদার তালিকাভূক্তি ও নরায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি ফর্ম বিক্রয় ও আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি আবেদনের তফশীল ঃ

| ক্রঃ নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরণ | আবেদনপত্র সংগ্রহের সময়সীমা | আবেদনপত্র দাখিলের সময়সীমা |
|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য ক্রয়) | ১৮-০৮-২০২৫ খ্রি. হতে ২৪-০৯-২০২৫ খ্রি. তারিখ প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়)। | আগামী ২৫/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ৪.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়)। |
| ২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য সরবরাহ) | | |

২। ঠিকাদার তালিকাভূক্তি আবেদন তফশীল ঃ

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। নির্ধারিত আবেদনপত্র, ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স, ৪। কার্য ২৫ লক্ষ টাকার ও পণ্য ১৫ (পনেরো) লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ/বিবরণী (বিজ্ঞপ্তিটি জারির তারিখ হতে আবেদনের শেষ সময়সীমার মধ্যে সংগ্রহকৃত)। ৫। জাতীয় পরিচয়পত্র, ৬। পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি, ৭। ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা, ৮। ঠিকাদার/প্রতিষ্ঠানের এ্যাফিডেভিট এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকার (ভ্যাট ব্যতীত) অফেরতযোগ্য পে-অর্ডার উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর। |
| তালিকাভুক্তিকরণ ফি | ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার ও তার উপর প্রযোজ্য ১৫% হারে মুল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য চালান (মূলকপি), উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর। |

৩। ঠিকাদার নবায়নের তফশীল ঃ

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। নির্ধারিত আবেদনপত্র, ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স, ৪। কার্য ২৫ (পঁচিশ) লক্ষ টাকার ও পণ্য ১৫ (পনেরো) লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ/বিবরণী (বিজ্ঞপ্তিটি জারির তারিখ হতে আবেদনের শেষ সময়সীমার মধ্যে সংগ্রহকৃত)। ৫। ২০২৪-২৫ অর্থ বছরের অত্র দপ্তরে ঠিকাদার তালিকাভুক্তির রেজিস্ট্রেশন বই। |
| আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকার (ভ্যাট ব্যতীত) অফেরতযোগ্য পে-অর্ডার উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর। |
| তালিকাভুক্তিকরণ ফি | ২০০০.০০ (দুই হাজার) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার ও তার উপর প্রযোজ্য ১৫% হারে মুল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০ (তিনশত) টাকার অফেরতযোগ্য চালান (মূলকপি), উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদা/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতির (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

17-08-25

(সৈকত বিশ্বাস)
পরিচিতি নং-৮৭০১১৫০০১
নির্বাহী প্রকৌশলী
ভেড়ামারা ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।
১৭/০৮/২৫

তারিখঃ-১৭/০৮/২০২৫ খ্রিঃ।

স্মারক নং-৫১/ভেড্রেঅবি/ই-০১

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১। অতিঃ প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, খুলনা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

৪। সিনিয়ার সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। (তালিকাটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো।

৫। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। ((বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১ টি বাংলা ও ১ টি ইংরেজি পত্রিকায় এবং কুষ্টিয়া জেলায় প্রকাশিত ১ টি দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

৬। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, কুষ্টিয়া।

৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, ভেড়ামারা ড্রেজার অপারেশন উপ-বিভাগ-১/২, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।

৮। সহকারী প্রকৌশলী, ভেড়ামারা ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।

৯। প্রাক্কলনিক/ উপ-সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট), ভেড়ামারা ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া। ঠিকাদার তালিকাভুক্তি করণের ফরম আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট যথানিয়মে বিতরণ এবং আবেদনপত্র সমুহ গ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

১০। হিসাব শাখা, ভেড়ামারা ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।

১১। নোটিশ বোর্ড/ অফিস কপি।

17-08-25

নির্বাহী প্রকৌশলী<br>
ভেড়ামারা ড্রেজার অপারেশন বিভাগ<br>
বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।

১৭/০৮/২৫